



স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮২৪.১৫-৩০৯)

তারিখঃ ০৬/০৯/২০২০ খ্রিঃ

অফিস আদেশ


জনাব মোসাঃ জেসমিন সুলতানা, মাঠ সংগঠক (ইরেসপো), ঝিকরগাছা, যশোর এর বেতন-ভাতা খাতে উদ্বৃত্ত তহবিল থাকা স্বাপেক্ষে নিম্নোক্ত শর্তে হায়ার পারসেস ভিত্তিতে একটি স্কুটি মোটরসাইকেল ক্রয়ের অনুমোদন দেয়া হলোঃ

১. তাঁর বেতন-ভাতা খাতে উদ্বৃত্ত তহবিলের বিপরীতে মোটরসাইকেল ক্রয় ও রেজিস্ট্রেশন বাবদ ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অগ্রীম প্রদান;
২. গাড়ি ক্রয়, রেজিস্ট্রেশন, বীমা ও এতদসংক্রান্ত অন্যান্য কার্যাদি বাবদ ব্যয়িত অর্থের অতিরিক্ত উত্তোলিত অর্থ অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে জমা প্রদান করতে হবে;
৩. মঞ্জুরীকৃত অর্থের অধিক ব্যয়ে স্কুটি ক্রয় করলে উক্ত অতিরিক্ত পরিমাণ অর্থ উদ্বৃত্ত তহবিল হতে উত্তোলন করা যাবে না;
৪. গৃহিত অগ্রীম সর্বোচ্চ ৫০ কিস্তিতে মাসিক ভিত্তিতে বেতন-ভাতা হতে সমন্বয় এবং পৃথক রেজিস্ট্রারে হিসাব সংরক্ষণ;
৫. অগ্রিম গ্রহন পরবর্তী ০৩ মাসের মধ্যে স্কুটি মোটরসাইকেল ক্রয় ও রেজিস্ট্রেশনপূর্বক সংশ্লিষ্ট ডকুমেন্ট কর্মসূচি সদর দপ্তরে প্রেরণ;
৬. গাড়ি ক্রয়ের জন্য গৃহীত সমুদয় অগ্রিমের কিস্তি পরিশোধের পর সংশ্লিষ্ট কর্মচারী গাড়ির মালিক হবেন;
৭. ক্রয়কৃত গাড়ির অগ্নি চুরি ও দুর্ঘটনাজনিত ক্ষতির জন্য প্রয়োজনে ইন্সুরেন্স বা বীমা করতে হবে;
৮. মোটরসাইকেলের জ্বালানী ও মেরামত বাবদ কোন প্রকার ব্যয় কর্মসূচি হতে নির্বাহ করা যাবে না;
৯. অগ্রিমের অর্থে ক্রয়কৃত গাড়ি অগ্রিম পরিশোধের পূর্বে বিক্রয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে। এছাড়া অনুমোদনক্রমে গাড়ি বিক্রয়ের অনধিক পনের (১৫) দিনের মধ্যে অপরিশোধিত অর্থ এককালীন জমা দিতে হবে। অন্যথায় অপরিশোধিত অর্থের উপর শতকরা পনের শতাংশ হারে সুদ আদায় করা হবে;
১০. মোটরসাইকেলটি হারানো/চুরি গেলে অথবা দুর্ঘটনাবশতঃ ক্ষতিগ্রস্ত হলে কর্মসূচি কোন দায় বহন করবে না এবং এর বিপরীতে প্রদানকৃত অগ্রীম একই নিয়মে পরিশোধ করতে হবে;
১১. গৃহীত অগ্রীম পরিশোধের পূর্বে অগ্রীম গ্রহণকারী কর্মচারী স্বেচ্ছায় চাকুরী ত্যাগ করলে বা কর্তৃপক্ষ কর্তৃক তাকে চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ বা বরখাস্ত করা হলে, উক্ত গাড়ি বিক্রয়পূর্বক এর অগ্রিম সমন্বয় করতে হবে এবং এর পরও অগ্রিম অপরিশোধিত থাকলে সরকারি দাবী আদায় আইনের বিধান অনুযায়ী সরকারি পাওনা হিসেবে আদায়যোগ্য হবে;

১২. গৃহীত অগ্রীম পরিশোধের পূর্বে অগ্রিম গ্রহীতার মৃত্যু হলে তাঁর প্র্যাচুয়িটি হতে অগ্রিমের টাকা আদায় করা হবে;

১৩. ৩০০.০০(তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অগ্রীম পরিশোধের অঙ্গীকারনামা প্রদান।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোসাঃ জেসমিন সুলতানা, মাঠ সংগঠক (ইরেসপো), ঝিকরগাছা, যশোর।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ঝিকরগাছা জেলাঃ যশোর।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ঝিকরগাছা জেলাঃ যশোর।
৬. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।